Regd. No. WB/MSD—4

R. N. No. 2532/57

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

এম বি পাম্পসেট
চাষীভাইদের স্বপ্নকে সার্থক করে তোলে।
পরিবেশক :—
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন

৬৪শ বর্ষ. ৪৩শ সংখ্যা।

রঘুনাথগঞ্জ, ২৪শে ফাল্গুন, বুধবার, ১৩৮৪ সাল।
৮ই মারচ, ১৯৭৮ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৭৲, সডাক ৮৲

## ফরাক্কায় জাল সারটিফিকেটধারীদের জি এম-এর নোটিশ

বিশেষ প্রতিনিধি : ফরাক্কা বাঁধ প্রকল্পের জেনারেল ম্যানেজার ব্রিগেডিয়ার দেবরাজ কাঠুরিয়া বাঁধ প্রকল্পে কর্মরত প্রায় ২৫ জন জাল সারটিফিকেটধারীদের এক নোটিশ মারফৎ তাঁদের সারটিফিকেটগুলি ১০ দিনের মধ্যে জমা দিতে বলেছেন বলে খবর পাওয়া গিয়েছে। প্রকাশ, নোটিশে বলা হয়েছে, সংশ্লিষ্ট কর্মীদের সারটিফিকেটগুলি সত্যিই যে জাল তার সাক্ষী রয়েছেন বিহার বোরডের প্রধান, ইঞ্জিনীয়ার অফিসার—২, সংশ্লিষ্ট স্কুলগুলির (মালদহের আইহো-মুচিয়া এবং বিহারের সকরিগলি হাই স্কুল) প্রধান শিক্ষক, অফিস সুপারিনটেনডেন্ট, সিবি আই অফিসার প্রমুখ। নোটিশটি ১০ দিনের মধ্যে সারটিফিকেটগুলি দাখিল না করলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানানো হয়েছে। তাহলে জারি হবার পর ফরাক্কায় জোর কানাঘুঁষা চলছে, জাল সারটিফিকেটধারীর সংখ্যা ২৫ নয়,—প্রায় ২০০ ; সম্প্রদায়ের সকলকে বাদ দিয়ে কেবলমাত্র ২৫ জনকে নোটিশ দেওয়া হল কেন? এ ছাড়াও তফসিল জাতি ও উপজাতি সারটি-সারটিফিকেট জাল করে আসল তপসিল জাতি ও উপজাতি সম্প্রদায়কে বঞ্চিত করা হয়েছে- এ রকম জাল থেকে ফিকেটধারীর সংখ্যাও এখানে নেহাৎ কম নয়। এদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া প্রয়োজন বলে বিভিন্ন মহল দাখিল দাবি উঠছে। আরো দাবি উঠছে, যাঁরা চাকরিতে ঢোকার সময় শিক্ষাগত যোগ্যতা সম্পর্কে যে সারটিফিকেট এখানে করেছিলেন, পরে পদোন্নতি ঘটার আশায় সারফিকেট জাল করেছেন, তাঁদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হোক।

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## ছাত্রের হাতে শিক্ষক প্রহৃত, স্কুল বন্ধ

অরঙ্গাবাদ, ৮ মারচ—গত মাসের শেষ তারিখে সুতী থানার ফতুল্লাপুর শশীমণি উচ্চ বিদ্যালয়ের হিন্দী শিক্ষক বৈদ্যনাথ তেওয়ারী স্কুলের একজন ছাত্রের হাতে প্রহৃত হওয়ায় স্কুলে অচলাবস্থার সৃষ্টি হয়েছে এবং ১ মারচ থেকে আজ পর্যন্ত ৮ দিনের জন্য স্কুলে ছুটি ঘোষণা করা হয়েছে। ঘটনার বিবরণে প্রকাশ, হিসাব নিকাশ নিয়ে স্কুলে বহুদিন ধরেই উত্তেজনা চলছে। ওই দিন তার বহিঃপ্রকাশ ঘটে মাত্র। ঘটনার কয়েকদিন আগে স্কুলে বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতা সম্পন্ন হয়। সেই প্রতিযোগিতার পারিতোষিক কেনার হিসেব দেখতে চায় ওই ছাত্রটি। শিক্ষকদের পক্ষ থেকে তাকে হিসেব দেখানো হয়। কিন্তু সেই হিসেব মনঃপূত না হওয়ায় সে ক্যাশবুক দেখার দাবি জানায়। শিক্ষকরা তার দাবি মেনে না নেওয়ায় সে ক্ষুব্ধ হয় এবং স্কুল ছুটির পর হিন্দী শিক্ষক বৈদ্যনাথবাবুকে প্রহার করে। তিনি গুরুতরভাবে আহত হন। পর-দিন থেকে ৮ দিনের জন্য স্কুল ছুটি দেওয়া হয়। আজ ছুটির শেষ দিন, আগামীকাল স্কুল খুলবে বলে জানা গেছে।

## ছিনতাই নয় আটক : বি এম পি ইউ

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুর শহরে সম্প্রতি মলয় বিড়ি কোম্পানীর এক-জন মুনসীর কাছ থেকে বিড়ির টাকি ছিনতাই করা হয়েছে বলে সিটুর বিরুদ্ধে যে অভিযোগ উঠেছিল, সিটু অনুমোদিত মুর্শিদাবাদ জেলা বিড়ি মজদুর এ্যাণ্ড প্যাকারস্ ইউনিয়নের রঘুনাথগঞ্জ থানা কমিটির সম্পাদক প্রভাত ব্যানারজি তা খণ্ডন করে জানিয়েছেন, আদৌ কোন টাকি ছিনতাই করা হয়নি। আসলে ১০ জন শ্রমিকের অভিযোগক্রমে সংশ্লিষ্ট মুনসীর অর্থ-নৈতিক শোষণের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য তাঁর টাকি আটক করা হয়েছিল এবং সমিতির পক্ষ থেকে তাঁকে নোটিশ দিয়ে টাকি আটকের কথা জানিয়ে দেওয়া হয়েছিল। নোটিশে 'সন্তোষজনক কৈফিয়ৎ না দিলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে' বলেও উল্লেখ করা হয়েছিল। কিন্তু তিনি (মুনসী) কোন সাড়া দেননি। উপরন্তু টাকটি

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## ছাতা পড়া রুটি

রঘুনাথগঞ্জ, ৮ মারচ—রাজ্য সর-কারের সহরাঞ্চল বিদ্যালয় খাদ্য বিতরণ প্রকল্পে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে যে পাউরুটি সরবরাহ করা হচ্ছে বেকারী থেকে তা অত্যন্ত নিম্নমানের বলে ইতিপূর্বে এই পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়েছে। গতকাল জঙ্গিপুরের একটি স্কুল থেকে আরো দুটি পাউরুটির নমুনা আমাদের দপ্তরে এসেছে যেগুলি ছাতা পড়া। যে কেউ এ রুটি খেলে অসুখ অনিবার্য। প্রকল্পটি

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## শ্লীলতাহানির চেষ্টা

সাগরদীঘি, ৫ মারচ—আজ সকালে বাজারের জনৈক কাপড় ব্যবসায়ীর কর্মচারী মনিরুদ্দিন সেখ তার মালিক এবং মালিক পরিবারের সকলের অনুপস্থিতির সুযোগে একজন বিবাহিতা সাঁওতাল রমণীকে কাজের লোভ দেখিয়ে ডেকে এনে বলপূর্বক বলাৎ-কারের চেষ্টা করলে উভয়ের মধ্যে ধস্তাধস্তি হয়। রমণী পাঁচিল টপকে পালিয়ে গিয়ে স্বামীকে জানায়। সে ঘটনাটি পুলিশকে জানিয়েছে। তদন্ত চলছে।

## অভিযোগের তদন্ত

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুর ব্যারেজের জনৈক সহকারী বাস্তুকারের বিরুদ্ধে দুর্নীতির গুরুতর অভিযোগ সম্পর্কে জঙ্গিপুর সংবাদে জানুয়ারী মাসের ১১ তারিখে যে খবর বেরিয়ে-ছিল, সম্প্রতি তার তদন্ত হয়েছে বলে জানা গেছে। তদন্ত করেছেন ফরাক্কা বাঁধ প্রকল্পের ভিজিলেনস অফিসার। প্রকাশ, সহকারী বাস্তুকার, ওভারসিয়র, ওয়ারক এ্যাসিসট্যানট এবং ডিভি-সনাল এ্যাকাউনটেনট-এর ব্যারেজের

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## ভয়াবহ অগ্নিকাণ্ড

রঘুনাথগঞ্জ, ৫ মারচ—গতকাল রাত্রে শহরের ফুলতলা এলাকায় বীরেন রায়ের কাঠের কারখানায় ভয়াবহ এক অগ্নিকাণ্ডের ফলে কয়েক হাজার টাকার কাঠ ভস্মীভূত হয়। শরট সারকিটের ফলে এই অগ্নিকাণ্ড ঘটে বলে প্রকাশ। ওই সময় প্রচণ্ড বেগে ঝড় বইছিল বলে আগুন আয়ত্তে আনতে বেগ পেতে হয়। স্থানীয় জনসাধারণের চেষ্টায় আগুন নিবে যায়।

## কাশী থেকে কলকাতা

রঘুনাথগঞ্জ, ২ মারচ—আজ সকালে রঘুনাথগঞ্জ গাড়ীঘাটে কাশী থেকে কলকাতা নৌকা অভিযাত্রীদের দুটি দল কোন রকম অনুষ্ঠান ছাড়াই কয়েক শো লোকের উপস্থিতিতে কলকাতা অভিমুখে যাত্রা শুরু করে। অভিযানটি শিক্ষামূলক, উদ্যোক্তা ভারতীয় নৌ বাহিনী। পশ্চিমবঙ্গ, বিহার ও উত্তর প্রদেশের জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনীর সদস্যরা এই অভিযানে অংশ গ্রহণ করেছেন। কাশী থেকে এই অভিযান শুরু হয়। গতকাল রাত্রে তাঁরা এই শহরে উপস্থিত হন। আজ সকালে আবার যাত্রা শুরু হয়।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৪শে ফাল্গুন বুধবার, সন ১৩৮৪ সাল

## বাজেটের বোঝা

আবার বাজেট। আবার বোঝা। বিদ্যুৎ-এর বোঝা পরিত্যাগ (লোড-শেডিং)-এর মত বাজেটের বোঝা পরিত্যাগের কোন উপায় নাই। প্রতি বৎসর এই বোঝা চাপিয়া বসে জনসাধারণের মাথায়। এক এক সরকারের এক এক ধরনের বাজেট। কেহ কৌশলে বোঝা চাপান, কেহ সরাসরি। জনতা সরকার কিছু কিছু বোঝা চাপাইয়াছেন সুকৌশলে। কিছু সরাসরি। রাজ্য সরকার সরাসরি।

কেন্দ্রীয় অর্থমন্ত্রী কর্তৃক ঘোষিত ১৯৭৮-৭৯ সালের বাজেটে ঘাটতি দেখান হইয়াছে প্রায় সহস্র কোটি টাকা। ইহার পুরোটাই বাড়তি কর চাপাইয়া আদায় করা হইবে জনসাধারণের নিকট হইতে। জনসাধারণকে বাড়তি দাম দিতে হইবে কয়লা, বিদ্যুৎ, টেরিলিনসহ নানান পণ্যের জন্য। অর্থাৎ দাম বাড়িবে উল্লিখিত দ্রব্যসমূহের।

কেন্দ্রীয় বাজেটে ডাকমাশুল আদায় করা হইবে সুকৌশলে। পনের গ্রাম ওজনের জন্য বর্তমানে যে মাশুল দিতে হইত, নূতন কর ধার্য্যের ফলে তাহার পরিমাণ দাঁড়াইবে দশ গ্রাম। সাধারণ পোষ্ট কারডের দাম যথারীতি পনের পয়সা থাকিবে। কিন্তু ছাপান পোষ্ট কারডের জন্য পাঁচ পয়সা অতিরিক্ত গুণিতে হইবে। অর্থাৎ কুড়ি পয়সা লাগিবে।

রাজ্য বাজেটে ঘাটতি দেখান হইয়াছে ২৫'৮৬ কোটি টাকা। নূতন কর ও বাড়তি রাজস্ব আদায় করিয়া এই ঘাটতি মিটান হইবে। তাহার জন্য ছয় দফা উৎস ঘোষণা করা হইয়াছে। সঙ্গে সঙ্গে নূতন একটি ঘোষণা করা হইয়াছে। তাহা বেকার ভাতা। কর্মবিনিময় কেন্দ্রগুলিতে যাঁহাদের নাম পাঁচ বৎসর ধরিয়া নথীভুক্ত হইয়া আছে, এ রকম দেড় লক্ষ বেকারকে মাসিক পঞ্চাশ টাকা করিয়া তিন বৎসরের জন্য ভাতা দেওয়া হইবে। তাহার সহিত 'গণতান্ত্রিক আন্দোলনে অংশগ্রহণকারীদের ভাতা' চালুর সিদ্ধান্ত ও লওয়া হইয়াছে। রাজ্য সরকারের এই সিদ্ধান্তে প্রতিক্রিয়া ইতিমধ্যে শুরু হইয়াছে। কাজেই এই ব্যবস্থা কতটা ফলপ্রসূ হয় তাহা না দেখিয়া মন্তব্য করা অনুচিত হইবে। বিশেষ করিয়া একজন রাজ্যমন্ত্রী যখন বেকার ভাতাকে উৎপাদনমুখী করিয়া তুলিবার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করিয়াছেন। কেন্দ্রীয় সরকারের বাড়তি করভার ৫৫০ কোটি টাকা। বলা হইয়াছে ইহার সবটাই 'পকেটমারা' নহে, কিছুটা আবশ্যিক প্রকল্পে সঞ্চিত থাকিবে। কেন্দ্রীয় সরকারের এই বক্তব্যও লক্ষণীয়। আপাততঃ আগামী আর্থিক বৎসরে বেশ কিছু বাড়তি কর প্রদানের জন্য সকলকে মানসিকভাবে প্রস্তুত থাকিতে হইবে, যাহাতে কার্যক্ষেত্রে কাহাকেও বাজেটের বোঝায় বিষম খাইতে না হয়!

## চিঠি-পত্র

(মতামত পত্রলেখকের নিজস্ব)

### স্কুলে স্কুলে ঠাণ্ডা লড়াই

পয়লা মারচের জঙ্গিপুর সংবাদে প্রকাশিত 'স্কুলে স্কুলে ঠাণ্ডা লড়াই' শীর্ষক সংবাদের 'গিরিয়া জুনিয়র হাই স্কুলের নিজস্ব কোন জায়গা নাই' মন্তব্যটি ঠিক নয়। কারণ, উক্ত স্কুলের নিজস্ব জায়গা আছে এবং তারই পরিপ্রেক্ষিতে উক্ত স্কুল কর্তৃপক্ষ ২৮।১।৭৮ তারিখের ম্যানেজিং কমিটির সভায় সিদ্ধান্ত নেন যে, ২৮।২।৭৮ তারিখের মধ্যে গিরিয়া জুঃ হাই স্কুলকে নিজের জায়গায় সরিয়ে নিয়ে যাওয়া হবে। নির্দিষ্ট তারিখের মধ্যে মিঠিপুর জুঃ হাই স্কুলকে তাদের ঘরবাড়ী, জিনিস এবং আসবাবপত্র বুঝিয়ে দিয়ে চলে যাওয়ার পর গিরিয়া জুঃ হাই স্কুল কিছু লোককে প্ররোচিত করে মিঠিপুর জুঃ হাই স্কুলের তালার উপর তালা মেরে গিয়েছে। ফলে অচল অবস্থার সৃষ্টি হয়েছে। গিরিয়া স্কুল কর্তৃপক্ষ '১৫ দিন সময় চেয়েছেন' এ বক্তব্যও ঠিক নয়। তারা কোন রকম ছুটির নোটিশ জারি না করে অযথা স্কুল বন্ধ করে রেখেছে। —অশোককুমার পাণ্ডে, প্রধান শিক্ষক, মিঠিপুর জুনিয়র হাই স্কুল।

### শোক সংবাদ

রঘুনাথগঞ্জের বিশিষ্ট কবিরাজ সত্যকিঙ্কর সেনগুপ্ত ৭ মারচ তাঁর নিজের বাসভবনে পরলোক গমন করেছেন। তাঁর দুই পুত্র, তিন কন্যা বর্তমান।

## আবার চুরি বেড়েছে

সাগরদীঘি, ৭ মারচ—গত কয়েক সপ্তাহের মধ্য সাগরদীঘি বাজারে পরপর কয়েকটি চুরি হয়ে গেল। শুরু হয়েছিল থানার সামনে একটি বাড়ী থেকে বাক্সের তালা ভেঙে কিছু সোনা দানা নিয়ে। তারপর গোয়েন্দা বিভাগের অফিসার সুনির্মল বসু নিয়োগীর বাড়ী থেকে গেটের তালা ভেঙ্গে। তাঁর সন্দেহ চুরির আগে তাঁদের ক্লোরোফরম করা হয়েছিল। কারণ পরদিন কিছু সন্দেহজনক তুলো পাওয়া গিয়েছে বলে তিনি জানিয়েছেন। রবিবার রাত্রে সদর রাস্তার পাশে একটি দর্জির দোকানের তালা ভেঙ্গে কে বা কারা কয়েক হাজার টাকার কাপড়-চোপড় নিয়ে চম্পট দেয়। একই রাত্রে আরো দুটি বাড়ীতে চুরি হয় বলে জানা যায়।

**উদ্বন্ধনে আত্মহত্যা ঃ** সাগরদীঘি থানার দেবগ্রামের শ্মশানেশ্বর বন্দ্যোপাধ্যায় নামে মধ্যবয়সী একজন গ্রামবাসী ৩ মারচ রাত্রে উদ্বন্ধনে আত্মহত্যা করেছেন। কারণ জানা যায়নি।

**ট্রাক চাপায় মৃত্যু ঃ** সাগরদীঘির পোপাড়ায় ৫ মারচ সকালে ইট বোঝাই একটি ট্রাকে চাপা পড়ে গ্রামের এক বালক প্রাণ হারিয়েছে। ট্রাকটি ব্যাক করার সময় সে চাপা পড়ে বলে পুলিশ সূত্রে জানা যায়।

**সমাজশিক্ষা কেন্দ্র ঃ** ৩ মারচ বালিয়া নেতাজী সংঘে নৈশ বয়স্ক সমাজশিক্ষা কেন্দ্র উদ্বোধন করেন বহরমপুর যুব কেন্দ্রের সুপারভাইজার হেদায়েৎ মোল্লা। ৪০ জন গ্রামবাসী কেন্দ্রে সদস্যপদ গ্রহণ করেন। —প্রাপ্ত

**দাতব্য চিকিৎসালয় ঃ** ভারত সেবাশ্রম সংঘ অনুমোদিত বালিয়া হিন্দু মিলন মন্দিরের কর্মীদের প্রচেষ্টায় এ মাসের এক তারিখে সংঘ প্রতিষ্ঠাতা আচার্য শ্রীমৎ স্বামী প্রণবানন্দজী স্মরণে প্রণব দাতব্য চিকিৎসালয় নামে একটি চিকিৎসালয়ের উদ্বোধন করা হয়।

—প্রাপ্ত

**আঞ্চলিক সম্মেলন ঃ** সম্প্রতি রঘুনাথগঞ্জ থানার বাড়ালায় এস এফ আই-এর আঞ্চলিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে ১৪ সদস্যের একটি কমিটি গঠন করা হয়, সম্পাদক নির্বাচিত হন প্রণব দাস।

**শিবরাত্রি ঃ** মঙ্গলবার বন্যেশ্বরসহ মহকুমার সর্বত্র মহা সমারোহে শিবরাত্রি উৎসব পালনের খবর পাওয়া গিয়েছে।

## বঞ্চনার অভিযোগ

বহরমপুর, ৫ মারচ—আজ এখানে পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার বিভাগের সারকেল ইনস্পেকটরদের রাজ্য সম্মেলন অনুষ্ঠিত হয়। বিভিন্ন জেলা থেকে ৮৫ জন প্রতিনিধি এই সম্মেলনে যোগদান করেন। সম্মেলনে অভিযোগ করা হয় যে, বিভাগীয় সি আইদের গুরুত্ব অনুযায়ী বেতন কাঠামো এবং পদোন্নতির উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়নি, উপরন্তু তাঁদের বঞ্চিত করে অন্যদের পদোন্নতি ঘটানো হচ্ছে।

সম্মেলনে বর্তমান বৎসরের জন্য রাজ্য কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচিত হন যথাক্রমে হরিপদ রায় ও নীতীশচন্দ্র দাস।

### লোডশেডিং মঙ্গলময়

নিজস্ব সংবাদদাতা: চারদিক থেকেই লোকজন ছুটে যাচ্ছে। চীৎকার করছে ধরো, ধরো, এই গ্যাল, গ্যাল। আমিও ছুটে গিয়ে দেখি ইলেট্রিকের তার ধরে একটা লোক ঝুলছে, আর সমানে চীৎকার করছে আমাকে ধরো, ধরো। তারপরই ধপাস করে রাস্তার উপর পড়ল। শুনতে পেলাম সে নাকি লরির মাথায় চেপে বহরমপুরের দিকে যাচ্ছিল। ওপরের তার মাথায় ঠেকে যাবে ভেবে ভয়ে দু' হাতে দুটো তার ধরে ফেলে। লরির ড্রাইভার কিছু জানতে না পেরেই লরি চালিয়ে নিয়ে চলে যায়। আর সে ঐ অবস্থায় ঝুলতে থাকে ও চীৎকার করতে থাকে। ভাগ্যিস লোডশেডিং ছিল, তাই সে মৃত্যুর হাত হতে রেহাই পেলো। ঘটনাটি ঘটেছে গত ৬ মারচ বেলা ১২টায় উমরপুর মোরের কাছে।

### ৩ সি-র বদলি দাবি

ফরাক্কা, ৭ মারচ—জঙ্গিপুর মহকুমা মৎস্যজীবী সমবায় সমিতির পক্ষ থেকে গতকাল ফরাক্কা বাঁধ উপনগরীতে ফরাক্কা থানার ও সি-র বদলির দাবিতে একটি মিছিল বের হয়। এবং সমিতির বিরুদ্ধে যে সব মামলা ঝুলছে তার দ্রুত নিষ্পত্তির দাবিতে থানায় একটি স্মারকলিপি পেশ করা হয়।

### একশো এগারো বছরে

ফরাক্কা থানার বেনিয়াগ্রাম সিংপাড়া গ্রামের যোগীন্দ্রনারায়ণ পাণ্ডে ১১১ বছর বয়সে সম্প্রতি পরলোক গমন করেছেন। পশ্চিমবঙ্গে তিনিই ছিলেন সম্ভবতঃ প্রবীণতম ব্যক্তি।

# বিশেষ কোন সার নয় ; 'খাদ্য উপাদানের' কথা ভাবতে হবে !

ফসলের চাহিদা অনুসারে প্রধানতঃ তিনটি খাদ্য উপাদান যথা :— নাইট্রোজেন, ফসফরাস ও পটাশ আমরা রাসায়নিক সারের মাধ্যমে যোগান দিয়ে থাকি। বাজারে যে সব রাসায়নিক সার বিক্রয় হয় তা থেকে যে কোন একটি, দুটি বা তিনটি উপাদান পেয়ে থাকি। যেমন এ্যামোনিয়াম সালফেট বা ইউরিয়া থেকে নাইট্রোজেন, সুপার ফসফেট থেকে ফসফরিক এ্যাসিড এবং মুরেট অব পটাশ থেকে পটাসিয়াম অক্সাইড। আবার সুফলা ২০ : ২০ : ০ এবং গ্রোমোর ২৮ : ২৮ : ০ থেকে নাইট্রোজেন ও ফসফরাস ইফকো ১০ : ২৬ : ২৬ ও সুফলা ১৫ : ১৫ : ১৫ থেকে তিনটি উপাদানই নাইট্রোজেন, ফসফরাস ও পটাস পাওয়া যাবে। বিভিন্ন সারে অবশ্য খাদ্য উপাদানের পরিমাণ এক নয়। কাজেই ফসলের খাদ্য উপাদানের চাহিদা অনুসারে সার প্রয়োগ করতে হ'লে বিভিন্ন সারের পরিমাণের তারতম্য হয়। সে ক্ষেত্রে ফসলের খাদ্য উপাদানের চাহিদা হিসেবে সারের পরিমাণ নির্দ্ধারণ করে নিতে হবে। এর ফলে সারের কার্যকারিতার কোন তারতম্য হয় না। পরন্তু ঠিক সারটি বেছে নিতে পারলে খরচও কম হয়। এই জেলায় রবি মরশুমে সারের চাহিদা প্রচুর। কিন্তু কখন কখন কোন একটি নির্দিষ্ট সারের যোগান বাজারে কম থাকে। তার বিকল্প সার যেটি বাজারে পাওয়া যাবে, তা দিয়েই আমাদের ফসলের চাহিদা মেটাতে পারি।

কয়েকটি ফসলের নাইট্রোজেন ফসফরাস এবং পটাশের চাহিদা মেটাবার জন্য বিভিন্ন সার কি হারে প্রয়োগ করতে হয় তার কয়েকটি তালিকা দেওয়া হল।

| ফসল | প্রয়োগের সময় | প্রয়োগের হার একর প্রতি কেজি | তালিকা ১ | তালিকা ২ | তালিকা ৩ | তালিকা ৪ | তালিকা ৫ | তালিকা ৬ | তালিকা ৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | না ফ প | পরিমাণ কেজি হিসাবে | | | পরিমাণ কেজি হিসাবে | | | |
| বোরো ধান | মূলসার | ১০ ২০ ২০ | ইউরিয়া ২২<br>সুঃ ফসঃ ১২৫<br>মিঃ পটাশ ৩৩ | এ্যাঃ সালফেট ৫০<br>সুঃ ফসফেট ১২৫<br>মিঃ পটাশ ৩৩ | সোনা (Can) ৪০<br>সুঃ ফঃ ১২৫<br>মিঃ পটাশ ৩৩ | সুফলা ৫০<br>২০:২০:২<br>মিঃ পটাশ ৩৩<br>সুঃ ফসঃ ৬১'৫০ | সুফলা ৬৬<br>৫০ ১৫:১৫:১৫<br>সুঃ ফসঃ ৬২'৫০<br>মিঃ পটাশ ১৬'৫০ | গ্রোমোর ৩৫·৫০<br>২৮:২৮:০<br>সুঃ ফসঃ ৬২'৫০<br>মিঃ পটাশ ৩৩ | ইউরিয়া ৩১<br>১০:২৬:২৬ ৩৮ |
| | চাপান হিসাবে ২-৩ দফায় | ৩০ ০ ০ | ইউরিয়া ৬৫<br>মোট ২৪৭ টাঃ | এ্যাঃ সালফেট ১৫০<br>মোট ২৯৯ টাঃ | সোনা (Can) ১২০<br>মোট ২৭৫ টাঃ | ইউরিয়া ৬৫<br>মোট ২৬৫ টাঃ | ইউরিয়া ৬৫<br>মোট ২৬১ টাঃ | ইউরিয়া ৬৫<br>মোট ২৭১ টাঃ | ইউরিয়া ৬৫<br>মোট ২৫৫ টাঃ |
| আখ | মূলসার | ২৪ ২৪ ২৪ | ইউরিয়া ২৬<br>সুঃ ফসঃ ১৫০<br>মিঃ পটাশ ৪০ | এ্যাঃ সালফেট ১২০<br>সুঃ ফসফেট ১৫০<br>মিঃ পটাশ ৪০ | সোনা (Can) ৯২<br>সুঃ ফসঃ ১৫০<br>মিঃ পটাশ ৪০ | সুফলা ১২০<br>২০:২০:০<br>মিঃ পটাশ ৪০ | সুফলা ১৬০<br>১৫:১৫:১৫ | গ্রোমোর ৮৬<br>২৮:২৮:০<br>মিঃ পটাশ ৪০ | ইউরিয়া ৩২<br>১০:২৬:২৬ ৯২ |
| | চাপান হিসাবে ২-৩ দফায় | ৪০ ০ ০ | ইউরিয়া ৮৭<br>মোট ৩১০ টাঃ | এ্যাঃ সালফেট ২০০<br>মোট ৪০৬ টাঃ | সোনা ১৬০<br>মোট ৩৯৪ টাঃ | ইউরিয়া ৮৭<br>মোট ৪০০ টাঃ | ইউরিয়া ৮৭<br>মোট ৩৯১ টাঃ | ইউরিয়া ৮৭<br>মোট ৩৯৩ টাঃ | ইউরিয়া ৮৭<br>মোট ৩৫৯ টাঃ |
| পাট | মূলসার | ১০ ১০ ১২ | ইউরিয়া ২১<br>সুঃ ফসঃ ৬২'৫০<br>মিঃ পটাশ ২০ | এ্যাঃ সালফেট ৫০<br>সুঃ ফসঃ ৬২'৫০<br>মিঃ পটাশ ২০ | সোনা (Can) ৪০<br>সুঃ ফসঃ ৬২'৫০<br>মিঃ পটাশ ২০ | সুফলা ৫০<br>২০:২০:০<br>মিঃ পটাশ ২০ | সুফলা ৬৬<br>১৫:১৫::৫<br>মিঃ পটাশ ৩ | গ্রোমোর ৩৬<br>২৮:২৮:০<br>মিঃ পটাশ ২০ | ইউরিয়া ১৩<br>১০:২৬:২৬ ৩৮ |
| | চাপান হিসাবে ৩০ দিন পরে | ১০ ০ ০ | ইউরিয়া ২১<br>মোট ১২৫ টাঃ | এ্যাঃ সালফেট ৫০<br>মোট ১৫৩ টাঃ | সোনা ৪০<br>মোট ১৪১ টাঃ | ইউরিয়া ২১<br>মোট ১৪৬ টাঃ | ইউরিয়া ২১<br>মোট ১৪১ টাঃ | ইউরিয়া ২১<br>মোট ১৪৩ টাঃ | ইউরিয়া ২১<br>মোট ১২৪ টাঃ |
| আমন ধান<br>ক) উচ্চ ফলনশীল জলদি | মূলসার | ৫ ১০ ১০ | ইউরিয়া ১১<br>সুঃ ফসঃ ৬২'৫০<br>মিঃ পটাশ ১৬'৫০ | এ্যাঃ সালফেট ২৫<br>সুঃ ফসঃ ৬২'৫০<br>মিঃ পটাশ ১৬'৫০ | সোনা (Can) ২০<br>সুঃ ফসঃ ৬২'৫০<br>মিঃ পটাশ ১৬'৫০ | সুফলা ২৫<br>২০:২০:০<br>মিঃ পটাশ ১২'৫০<br>সুঃ ফসঃ ৩১ | সুফলা ৩৩<br>১৫:১৫:১৫<br>সুঃ ফসঃ ৩১<br>মিঃ পটাশ ৮ | গ্রোমোর ১৮<br>২৮:২৮:০<br>মিঃ পটাশ ১৬'৫০<br>সুঃ ফসফেট ৩১ | ইউরিয়া ২ ৫০<br>১০:২৬:২৬ ৩৮ |
| | চাপান হিসাবে দুই বারে | ১৫ ০ ০ | ইউরিয়া ৩৩<br>মোট ১২৫ টাঃ | এ্যাঃ সালফেট ৭৫<br>মোট ২৫০ টাঃ | সোনা ৬০<br>মোট ১৩৮ টাঃ | ইউরিয়া ৩৩<br>মোট ১৩৪ টাঃ | ইউরিয়া ৩৩<br>মোট ১৩২ টাঃ | ইউরিয়া ৩৩<br>মোট ১৩৩ টাঃ | ইউরিয়া ৩৩<br>মোট ১২৮ টাঃ |
| খ) উচ্চ ফলনশীল মাঝারী/নাবি | মূলসার | ৬ ১২ ১২ | ইউরিয়া ১৩<br>সুঃ ফসফেট ৭৫<br>মিঃ পটাশ ২০ | এ্যাঃ সালফেট ৩০<br>সুঃ ফসফেট ৭৫<br>মিঃ পটাশ ২০ | সোনা (Can) ২৪<br>সুঃ ফসফেট ৭৫<br>মিঃ পটাশ ২০ | সুফলা ৩০<br>২০::০:০<br>মিঃ পটাশ ২০<br>সুপার ফসঃ ৩৭ | সুফলা ৪০<br>১৫:১৫ ১৫<br>সুপার ফসঃ ১০<br>মিঃ পটাশ ৩৭ | গ্রোমোর ২১<br>২৮:২৮:০<br>মিঃ পটাশ ২০<br>সুঃ ফসঃ ৩৬ | ইউরিয়া ৩<br>১০:২৬:২৬ ৪৬ |
| | চাপান হিসাবে দুই বারে | ১৮ ০ ০ | ইউরিয়া ৪০<br>মোট ১৩৩ টাঃ | এ্যাঃ সালফেট ৯০<br>মোট ১৮০ টাঃ | সোনা ৭২<br>মোট ১৬৫ টাঃ | ইউরিয়া ৪০<br>মোট ১৬২ টাঃ | ইউরিয়া ৪০<br>মোট ১৫৯ টাঃ | ইউরিয়া ৪০<br>মোট ১৫৯ টাঃ | ইউরিয়া ৪০<br>মোট ১৫৪ টাঃ |
| গ) দেশী | মূলসার | — | —<br>—<br>— | —<br>—<br>— | —<br>—<br>— | | | | |
| | চাপান হিসাবে ২ দফায় | ১০ ০ ০ | ইউরিয়া ২১<br>মোট ৩৪ টাঃ | এ্যাঃ সালফেট ৫০<br>মোট ৪৮ টাঃ | সোনা (Can) ৪০<br>মোট ৪২ টাঃ | | | | |

মুখ্য কৃষি আধিকারিক, মুর্শিদাবাদ কর্তৃক প্রকাশিত ও প্রচারিত এবং জেলা তথ্য ও জনসংযোগ দপ্তর কর্তৃক প্রেরিত

## জি এম-এর নোটিশ

( ১ম পৃষ্ঠার পর )

উল্লেখ করা প্রয়োজন, জঙ্গিপুর সংবাদ পত্রিকা দীর্ঘদিন ধরে ফরাক্কায় জাল সারটিফিকেটধারীদের ব্যাপারে বহু গোপন তথ্য ফাঁস করে এসেছে। একবার এ রকম কিছু তথ্য ফাঁস করার জন্য তৎকালীন জেনারেল ম্যানেজার জি মণ্ডল জঙ্গিপুর সংবাদকে হুমকি দিয়েছিলেন। তাতেও কোন ফল হয়নি। জঙ্গিপুর সংবাদ ক্রমাগত তথ্য ফাঁস করে গেছে। এখনও ৩২ জন জাল সারটিফিকেটধারী কর্মচারীর নামের তালিকা আমাদের হাতে আছে। তার মধ্যে এখন পর্যন্ত মাত্র একজন কর্মচারীর পদাবনতি ঘটানো হয়েছে বলে খবর। জাল সারটিফিকেট বলে তাঁর পদোন্নতি ঘটেছিল বলে অভিযোগ। অন্যান্যদের ব্যাপারে সুফল মিলেছে এতদিনে—সম্প্রতি উল্লিখিত নোটিশটি জারির ফলে। ঠিকমত তদন্ত হলে কত রাঘব-বোয়াল যে জালে ধরা পড়বে কে জানে।

## ছিনতাই নয় আটক

( ১ম পৃষ্ঠার পর )

না নিয়ে যাওয়ার ফলে প্রায় ৬০ জন বিড়ি শ্রমিক ৩ দিন বেকার হয়ে পড়েন। পরে এক বৈঠকে মিলিত হয়ে সংশ্লিষ্ট মুনসী ভবিষ্যতে তাঁর কারখানার শ্রমিকদের ন্যায়সঙ্গত অভিযোগ থাকলে এবং প্রমাণিত হলে ইউনিয়নের সঙ্গে আপোষ আলোচনার মাধ্যমে মীমাংসা করে নেবেন—এই মর্মে লিখিত চুক্তি স্বাক্ষর করার পর ঢাকি ফেরত দেওয়া হয়েছে এবং যথারীতি কাজ শুরু হয়েছে।

## শিক্ষক আবশ্যক

বিদ্যালয়ের একজন বিজ্ঞান শিক্ষকের জন্য শিক্ষণ প্রাপ্ত বি, এস-সি উত্তীর্ণ প্রার্থীদের নিকট হইতে বিজ্ঞপ্তি প্রকাশের পনের দিনের মধ্যে সম্পাদক, খামড়া ভাবকী জুনিয়ার হাই স্কুল, পোঃ রাজপুত তেঘরী, জেলা মুর্শিদাবাদের নিকট নিজ হস্তে লিখিত আবেদন-পত্র আহ্বান করা হইতেছে।

## জায়গা বিক্রয়

রঘুনাথগঞ্জ ফুড এণ্ড সাপ্লাই অফিসের সম্মুখে রাস্তার ধারে বাসোপযোগী পাঁচ কাঠা জায়গা বিক্রয় আছে। নিম্নে অনুসন্ধান করুন। —বসন্তকুমার ঘোষ, গ্রাম কেঁদুয়া, পোঃ শ্রীমন্তপুর ( মুর্শিদাবাদ )

## এস ডি ও ঘেরাও

অরঙ্গাবাদ, ৭ মারচ—অরঙ্গাবাদ ডি এন কলেজের অধ্যাপক তপন চৌধুরীকে গ্রেপ্তার নিয়ে অরঙ্গাবাদ শহরে যে বিক্ষোভ দেখা দিয়েছে, তার একটা মীমাংসার জন্য জঙ্গিপুর মহকুমা শাসক মীরা পাণ্ডে গতকাল সুতী ২নং ব্লকে এলে মানবিক অধিকার রক্ষা কমিটি তাঁকে ঘেরাও করেন। খবর পেয়ে এ ডি এম, এস পি প্রমুখ অফিসার আসেন। ৭ ঘণ্টা পর ঘেরাও তুলে নেওয়া হয়। গভীর রাত পর্যন্ত আলোচনা চলে। কিন্তু আলোচনা ফলপ্রসূ হয়নি। ওই দিন স্কুল-কলেজে আর এক দফা ধর্মঘট পালন করা হয়। পুলিশ সুপার তদন্তের সুবিধার জন্য ৬০ দিন সময় চাওয়ায় আজ মানবিক অধিকার রক্ষা কমিটি এক জরুরী সভায় মিলিত হয়ে সক্রিয় আন্দোলন আপাততঃ স্থগিত রেখে বিভিন্ন মহলের সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলার সিদ্ধান্ত গ্রহণ করেন বলে জানা যায়।

**ক্যালকাটা সাইকেল ষ্টোর**

( জগন্নাথের সাইকেলের দোকান )

ফুলতলা রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )

বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস বিক্রয় ও মেরামতির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

**সবার প্রিয় চা—**

**চা ভাণ্ডার**

রঘুনাথগঞ্জ সদরঘাট

ফোন—১৬

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি

সিনিয়র রুস্তম বিড়ি

**বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী**

পোঃ ধুলিয়ান ( মুর্শিদাবাদ )

সেলস্ অফিস : গৌহাটি ও তেজপুর

ফোন : ধুলিয়ান—২১

**বিকো**

ইলেকট্রিক মোটর ও

মোটর পাম্পসেট

ডিলার : **ঊষা হার্ডওয়ার ষ্টোর**

বাবুলবোনা রোড, বহরমপুর

মুর্শিদাবাদ

Phone - Farakka 24

**ডাঃ এস, এ, তালেব**

ডি এম এস

পোঃ ফরাক্কা ব্যারেজ, মুর্শিদাবাদ।

হোমিওপ্যাথি মতে যাবতীয় পুরাতন রোগের চিকিৎসা করা হয়।

## ছাতা পড়া রুটি

( ১ম পৃষ্ঠার পর )

জনসাধারণের মধ্যে যথেষ্ট জনপ্রিয়তা অর্জন করেছে। কিন্তু এক শ্রেণীর ব্যবসায়ী স্কুলে নিম্নমানের রুটি সরবরাহ করে সব ভেস্তে দেওয়ার চেষ্টা চালাচ্ছে। তারা অখাদ্য রুটি সরবরাহ করে জাতির বৃহত্তর ভবিষ্যতকে ধ্বংসের মুখে ঠেলে দিচ্ছে।

## অভিযোগের তদন্ত

( ১ম পৃষ্ঠার পর )

কনট্রাকটরদের সঙ্গে অবৈধ লেনদেন ও কারচুপির অভিযোগের সঙ্গে জড়িত। তদন্তের ব্যাপারটি অত্যন্ত গোপনীয় তাই ফলাফল জানা যায়নি।




**আপনার সৌন্দর্যকে ধ'রে রাখা কি কষ্টকর ?**

একেবারেই না—যদি বসন্ত মালতী আপনার প্রতিদিনের সঙ্গী হয়। লানোলিন, চন্দন তেল ও নানান উপাদানে সমৃদ্ধ বসন্ত মালতী আপনার ত্বকের সব রকম ক্ষয় রোধ করে। ত্বকের ছিদ্রপথগুলি বন্ধ হ'য়ে গেলে ত্বকের পক্ষে তা'র খাদ্য গ্রহণ করা সম্ভব হয় না। তাই ক্রমে ত্বক শুকিয়ে আপনার সৌন্দর্য ম্লান ক'রে দেয়। বসন্ত মালতীর ব্যবহারে ত্বকের ছিদ্রপথগুলি খোলা থাকে, আর ত্বক তা'র উপযুক্ত খাদ্য গ্রহণ করতে পেরে আপনার সৌন্দর্যের কমনীয়তা বহু বছর ধ'রে অক্ষুণ্ণ রাখতে সমর্থ হয়। বসন্ত মালতীর সুগন্ধ সারাদিন ধ'রে আপনার মনে এক অপূর্ব মূর্ছনা জাগায়।




রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।